ক) মুক্তি বাহিনীর কমাণ্ডার কে? ১
খ) আমরা তিনজন নই, একজন'–বুধাকে একথা বলা হয়েছিল কেন? ২
গ) উদ্দীপকের আতিকের মধ্যে 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রতিফলিত চরিত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ) 'উদ্দীপক ও কাকতাড়ুয়া' উপন্যাসের প্রেক্ষাপট এক ও অভিন্ন"–মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ – (নাটক)

১০। তিন ছেলে, এক মেয়ে নিয়ে অভাব-অনটনের সংসার মুনীরের। আর্থিকভাবে সচ্ছলতা পাওয়ার প্রলোভন দেখিয়ে মুনীরের দশম শ্রেণিতে পড়ুয়া কন্যা লীনাকে বিয়ে করতে চায় গ্রামের ধনাঢ্য ব্যবসায়ী রহমত মিয়া। অভাবী মুনীর এ প্রস্তাবে রাজি হলেও লীনা এ বিয়ে করবে না বলে সাফ জানিয়ে দিলেও শেষ পর্যন্ত এ অসম বিয়ে থেকে রেহাই পায়নি লীনা।

ক) নাটকের প্রাণ কী? ১
খ) 'এবার তার সাধের স্বপ্ন ভেঙে যাবে'–বুঝিয়ে লেখ। ২
গ) উদ্দীপকের রহমত মিয়া 'বহিপীর' নাটকের বহিপীর চরিত্রের যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের লীনা 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের পুরোপুরি প্রতিনিধিত্ব করে না–মন্তব্যটি যাচাই কর। ৪

১১। ব্যাংক ঋণের কারণে হক সাহেবের কোটি টাকার বাড়িটি নিলামে ওঠে। দিশেহারা হয়ে যান হক সাহেব। কোনো উপায় না দেখে বন্ধু জহিরের কাছে সাহায্যের আবেদন করেন। জহির বাড়িটাকে নিলাম থেকে রক্ষা করে নিজের নামে করিয়ে নেয়। অসহায় হক সাহেব এ দৃশ্য দেখে হতভম্ব হয়ে যান।

ক) হাতেম আলি শহরে এসেছিলেন কেন? ১
খ) 'আমার সবকিছু উচ্ছন্নে যাবে'– উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ) উদ্দীপকের জহিরের সাথে 'বহিপীর' নাটকের বহিপীরের যে দিক থেকে বৈসাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) "উদ্দীপকের হক সাহেব এবং 'বহিপীর' নাটকের হাতেম আলি পুরোপুরি এক নয়।"–বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

**শ্রেণি : দশম**

**বিষয় : বাংলা ১ম পত্র** **বিষয় কোড : ১০১**

**(সৃজনশীল)**

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

[**দ্রষ্টব্য** : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক ও খ অংশ থেকে কমপক্ষে দুইটি করে এবং গ ও ঘ অংশ থেকে কমপক্ষে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক–অংশ ঃ গদ্য

১। পলান সরকার একজন সমাজসেবক। তিনি একজন গ্রন্থপ্রেমিক। গ্রন্থাগার প্রতিষ্ঠা করে সাইকেল চালিয়ে বাড়ি বাড়ি গিয়ে বই বিতরণ করে মানুষকে আলোকিত করা তার ব্রত। সরকারও তার উদ্যোগকে স্বাগত জানিয়ে অনুদান দিয়েছে। পলান সরকারের চেষ্টায় এলাকার দরিদ্র মানুষ আজ আলোকিত মানুষ হয়ে উঠছে।

ক) 'সুসার' শব্দের অর্থ কী? ১
খ) 'বইপড়া' প্রবন্ধে গুরুকে লেখক 'উত্তরসাধক' বলেছেন কেন? ২
গ) পলান সরকারের চেষ্টা 'বইপড়া' প্রবন্ধের কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ) 'বই পড়ে আলোকিত মানুষ হওয়া যায়'–উদ্দীপক ও 'বইপড়া' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। গাহি সাম্যের গান–
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্ম জাতি,
সব দেশে সব কালে ঘরে-ঘরে তিনি মানুষের জ্ঞাতি।

ক) কাঙালীর বাবার নাম কী? ১
খ) স্বামী ছেড়ে যাওয়ার পর অভাগী কেন পুনরায় বিয়ে করেনি? ২
গ) উদ্দীপকের সাথে 'অভাগীর স্বর্গ' গল্পের সমাজচিত্রের যে পার্থক্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের ভাবনা যদি 'অভাগীর স্বর্গ' গল্পের সমাজভাবনা হতো তাহলে গল্পটির করুণ পরিসমাপ্তি হতো কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। ভৃত্য চড়িল উটের পৃষ্ঠে উমর ধরিল রশি;
মানুষে স্বর্গে তুলিয়া ধরিয়া ধুলায় নামিল শশী।

ক) পরাধীন ভারতে কে অসাধ্য সাধন করেছিলেন? ১

খ) 'কাঁচের ন্যায় স্বচ্ছ অন্তর' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ) উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের লেখকের কোন মানসিকতা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সুখ ও সমৃদ্ধি আনয়নে উক্ত মানসিকতার গুরুত্ব ব্যাপক'–'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

৪। আজাদ সাহেব ভোজন রসিক মানুষ। তিনি শুধু নিজে খেয়েই আনন্দ পান না অন্যকে খাওয়াতে তার অপার আনন্দ। ইউটিউব থেকে নানা রেসিপি অনুযায়ী রেঁধে ছেলে-মেয়ে, বন্ধু-বান্ধব, ও আত্মীয়-স্বজনকে খাওয়াতে তার জুড়ি মেলা ভার।

ক) হরফন-মৌলা অর্থ কী? ১

খ) 'অল্প শোকে কাতর অধিক শোকে পাথর'–বলতে কী বোঝানো হয়েছে? ২

গ) উদ্দীপকের আজাদ সাহেবের সাথে 'প্রবাস বন্ধু' ভ্রমণ কাহিনির কার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'প্রবাস বন্ধু' ভ্রমণ কাহিনির অনেক দিকই উদ্দীপকে অনুপস্থিত–উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

## খ অংশ ঃ পদ্য

৫। মোদের গরব, মোদের আশা,
আ-মরি বাংলা ভাষা
মাগো তোমার কোলে, তোমার বোলে
কতই শান্তি ভালোবাসা।

ক) মধ্যযুগের অন্যতম প্রধান কবি কে ছিলেন? ১

খ) কবি কাদেরকে এবং কেন বিদেশে চলে যেতে বলেছেন? ২

গ) 'বঙ্গবাণী' কবিতার কোন বিষয়টি উদ্দীপকে প্রকাশিত হয়েছে–ব্যাখ্যা করো। ৩

ঘ) মিল থাকলেও 'বঙ্গবাণী' কবিতার কবির বক্তব্য এখানে সম্পূর্ণ উন্মোচিত হয়নি। –মূল্যায়ন করো। ৪

৬। দুর্গম পথ পাড়ি দিয়ে যারা দুর্জয়ে করে জয়
তাহাদের পরিচয়
লিখে রাখে মহাকাল,
সব যুগে যুগে সব কালে টিকা ভাস্বরে শোভে ভাল।
সব ক্ষয়-ক্ষতি খেয়াল খুশিতে পশ্চাতে যায় ফেলে
বন্ধুর পথ একদা তাদের পদতলে ধরে মেলে আনন্দ শতদল
সেই তো জীবন, জয় গৌরবে হেসে ওঠে ঝলমল।

ক) রানারকে কী পেছনে ফেলতে বলা হয়েছে? ১

খ) ঘরেতে অভাব, পৃথিবীটা তাই মনে হয় কালো ধোঁয়া–ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকের চরণগুলোতে প্রকাশিত ভাবের সঙ্গে 'রানার' কবিতার রানারের চলার পথের সাদৃশ্যতা নির্ণয় কর। ৩

ঘ) "উদ্দীপকের অভিযাত্রিকের জয়গৌরব যেন 'রানার' কবিতার রানারের মহৎ কাজের প্রতিফলন।" উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

৭। সাবাস বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়
জ্বলে-পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

ক) কবিতার হাতে কী? ১

খ) 'তোদের অসুর নৃত্য-ঠা ঠা হাসি ফিরিয়ে দিয়েছি–কেন? ২

গ) উদ্দীপকে 'সাহসী জননী বাংলা' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে 'সাহসী জননী বাংলা' কবিতার সমগ্র ভাবটি প্রতিফলিত হয়নি–মূল্যায়ন করো। ৪

## গ অংশ – (উপন্যাস)

৮। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করতে নেপথ্য ভূমিকা রেখেছিল। তারেক মাসুদ 'মুক্তির গান' প্রমাণ্যচিত্রে দেখিয়েছেন। শিল্পীরা বিভিন্ন মুক্তিযুদ্ধের ক্যাম্পে গিয়ে মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করেছেন। যুদ্ধ কেবল মুক্তিযোদ্ধারাই করেননি, এ যুদ্ধে শিল্পী, কলাকুশলী ও শব্দ সৈনিকের ভূমিকাও ছিল।

ক) বাঙ্কারের তদারকি করছিল কে? ১

খ) যে মানুষের দৃষ্টিতে ভাষা নেই, বুধার মতে সে মানুষ কেন মানুষ নয়? ২

গ) উদ্দীপকের সাথে কাকতাড়ুয়া উপন্যাসের কী সাদৃশ্য রয়েছে–তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সামগ্রিক রূপ ধারণ করেছে কী? যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

৯। বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র আতিক বঙ্গবন্ধুর ভাষণ শুনে যুদ্ধে জড়িয়ে পড়ে। যুদ্ধ চলাকালে আতিক জানতে পারে, তাদের গ্রাম পাকসেনারা পুড়িয়ে ছারখার করে দিয়েছে এবং পুরা এলাকা জনশূন্য হয়ে গেছে। আতিক কয়েকজন মুক্তিযোদ্ধা নিয়ে এসে রাতের আঁধারে তার গ্রামে স্থাপিত পাকসেনাদের ক্যাম্প ধ্বংস করে দেয়।

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

**শ্রেণি : দশম**

**বিষয় : বাংলা ২য় পত্র**

**(রচনামূলক)** **বিষয় কোড : ১০২**

সময় : ২.৩০ মিনিট পূর্ণমান -৭০

**১। যে কোন ১টি বিষয়ে অনুচ্ছেদ লেখ ঃ** **১০**

ক) তথ্য প্রযুক্তি

খ) শিশু শ্রম

**২। যে কোন একটি বিষয়ে পত্র লেখ ঃ** **১০**

ক) গ্রামকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার ক্ষেত্রে নিজের ভূমিকার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর কাছে পত্র লেখ।

খ) দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে মানুষের যে কষ্ট হচ্ছে, তা জানিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একখানা পত্র লেখ।

**৩। ক) সারাংশ লিখ ঃ** **১০**

অপরের জন্য তুমি প্রাণ দাও, আমি তা বলতে চাইনে। অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর কর। অপরকে একটুখানি সুখ দাও। অপরের সঙ্গে একটুখানি মিষ্টি কথা বল। পথের অসহায় মানুষটির দিকে একটা করুণ চাহনি নিক্ষেপ কর, তাহলেই অনেক হবে। চরিত্রবান, মানবতাসম্পন্ন মানুষ নিজের চেয়ে পরের অভাবে বেশি অধীর হন, পরের দুঃখকে ঢেকে রাখতে গৌরববোধ করেন।

**অথবা,**

**খ) সারমর্ম লেখ ঃ**

সার্থক জনম আমার জন্মেছি এই দেশে।
সার্থক জনম মাগো তোমায় ভালোবেসে
জানি নে তোর ধন-রতন আছে কিনা রাণীর মতোন,
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।
কোন বনেতে জানিনে ফুল গন্ধে এমন করে আকুল,
কোন্ গগনে ওঠে রে চাঁদ এমন হাসি হেসে।
আঁখি মেলে তোমার আলো প্রথম আমার চোখ জুড়ালো
ওই আলোতে নয়ন রেখে মুদিব নয়ন শেষে।

**৪। যে কোনো একটি ভাবসম্প্রসারণ কর ঃ** **১০**

ক) সংসার সাগরে দুঃখ তরঙ্গের খেলা
আশা তার একমাত্র ভেলা।

খ) নানান দেশের নানান ভাষা
বিনা স্বদেশী ভাষা মিটে কি আশা?

**৫। যে কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা কর ঃ** **১০**

ক) মনে কর, তুমি ‘সুজয়’ দৈনিক ইত্তেফাক’ পত্রিকার একজন প্রতিনিধি। পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য বৃক্ষরোপনের গুরুত্ব বর্ণনা করে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখ।

খ) মনে কর, তুমি শিশির। তুমি কুমিল্লার সরকারি উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিত “বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা” সম্পর্কে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন রচনা কর।

**৬। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ** **২০**

ক) অধ্যবসায়

খ) কৃষিকাজে বিজ্ঞান ও বাংলাদেশ

গ) বাংলাদেশের বেকার সমস্যা ও তার প্রতিকার

১১। অনামিকা একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। অফিসে তাঁর সহকর্মীদের দু-একজন তাঁকে অশ্লীল কথাবার্তা বলে। প্রায়ই শ্বশুরবাড়িতে তিনি শাশুড়ি ও ননদ কর্তৃক শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হন। পাশাপাশি রাস্তায়, বাস ও পথচারী দ্বারাও বিভিন্নভাবে হেনস্থা হন।

ক) সামাজিক সমস্যা কী? ১

খ) নৈরাজ্য কী? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের আলোকে নারীর প্রতি সহিংসতার প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ) অনামিকার মতো মেয়েদের সহিংসতার হাত থেকে রক্ষা করতে সামাজিক আন্দোলনই সর্বাধিক প্রয়োজন–বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

## শ্রেণি : দশম

## বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

## (সৃজনশীল)

সময় : ২.৩০ মিনিট পূর্ণমান -৭০

১। বাদল খন্দকারের বয়স ৭৫ বছর। নিয়মিত তিনি পত্রিকা পড়েন। পত্রিকায় পার্শ্ববর্তী দেশের নির্বাচনের বেসরকারি ফলাফল পড়ার পর জনাব বাদল খন্দকারের এমন এক নির্বাচনের কথা মনে পড়ল যে নির্বাচনে তিনি ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে স্বশাসন ও আত্মপ্রতিষ্ঠার দাবি আদায় করতে চেয়েছিলেন। এ সুযোগটি তাঁর ভূখণ্ডের তিন কোটি ২২ লাখ জনগণের ছিল।

ক) কত সালে যুক্তফ্রন্ট গঠিত হয়? ১

খ) বাঙালি জাতীয়তাবাদ ধারণাটি বুঝিয়ে লেখো। ২

গ) উদ্দীপকে জনাব বাদল খন্দকারের কোন ঐতিহাসিক ঘটনার কথা মনে পড়ে? ব্যাখ্যা দাও। ৩

ঘ) তুমি কি মনে করো ওই ঐতিহাসিক ঘটনা স্বাধীন বাংলাদেশের আগমনী বার্তা বহন করে এনেছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। এক ঐতিহাসিক দিনে রাতুল তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে টিভি দেখছিলেন। টিভির পর্দায় একজন নেতার বলিষ্ঠ কণ্ঠে উচ্চারিত হচ্ছিল–'প্রত্যেক ঘরে ঘরে দূর্গ গড়ে তোলো...।' রাতুলের বাবা বললেন, 'এই ভাষণটি ছিল আমাদের স্বাধীনতার দিকনির্দেশক।'

ক) 'ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কী? ১

খ) গণপরিষদ বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকে উল্লিখিত ভাষণের পটভূমি ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকের রাতুলের বাবার বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৩। রাব্বি ব্রেকথ্রু সায়েন্স সোসাইটির একটি ম্যাগাজিন বই পড়ছিল। ম্যাগাজিনটি পড়ে সে জানতে পারল, সৌরজগতের প্রাণকেন্দ্র হলো সূর্য। সূর্য থেকে সামান্য তাপ ও আলো দ্বারাই একটি মাত্র গ্রহে জীবজন্তু ও উদ্ভিদের জীবনধারণ ঘটছে। সূর্যের এই তাপ ও আলো কাজে লাগিয়েই এই গ্রহটি দিন দিন উন্নতি লাভ করছে।

ক) প্রতিপাদ স্থান কাকে বলে? ১

খ) কেন্দ্রাতিগ শক্তি কী? ব্যাখ্যা কর। ২

গ) রাব্বি ম্যাগাজিন পড়ে সৌর জগতের যে গ্রহ সম্পর্কে ধারণা পেয়েছে– সেটির ব্যাখ্যা দাও। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত সূর্যের যে শক্তি সম্পদের কথা বলা হয়েছে– তা বিশ্লেষণ করো। ৪

৪। সালামত কাটাখালি জেলেপাড়ার বাসিন্দা। সাগরে মাছ ধরে আর সেই মাছ বিক্রি করে তার সংসার চলে। কাটাখালি জেলেপাড়ার সবারই এক পেশা। কিন্তু আজকাল অনেকে ঢাকা চলে এসেছে। ফুটপাতে ব্যবসা, রিকশা চালানো কিংবা নির্মাণ শ্রমিক হিসেবে নিজেদের নিয়োজিত করেছে বেশির ভাগ। আজকাল সালামতও ভাবছে ঢাকায় আসবে।

ক) বাংলাদেশ কত ডিগ্রী অক্ষরেখায় ও দ্রাঘিমারেখায় অবস্থিত? ১

খ) কালবৈশাখি ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ) সালামতের পেশা পরিবর্তনের ভাবনায় কিসের প্রভাব লক্ষণীয়–ব্যাখ্যা করো। ৩

ঘ) এর প্রভাব কি শুধু পেশার ক্ষেত্রেই দেখা যায়? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৫। শাহ আলম স্যার নবম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পড়ান। তিনি প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা নিয়ে ছাত্রদের সাথে আলাপ করছিলেন। তিনি বলেন, সাম্প্রতিক সময়ে একটি বিশেষ সম্পদ ব্যবস্থাপনার বিষয়ে ব্যাপক গবেষণা হচ্ছে। সম্পদটি প্রকৃতিকে তিন অবস্থায় বিদ্যমান।

ক) আত্রাই কোন নদীর উপনদী? ১

খ) প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের গুরুত্ব লেখ। ২

গ) উদ্দীপকে কোন সম্পদ ব্যবস্থাপনার কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) ওই সম্পদ রক্ষায় সম্পদটির ব্যবহারই যথেষ্ট– তুমি কি উক্তিটি সমর্থন করো? বিশ্লেষণ করো। ৪

৬। বাঁশখালীর চাম্বলে বিগত কয়েক মাসে ডাকাতির পরিমাণ বেড়েছে। গ্রামবাসী নিরাপত্তার জন্য পুলিশ, আনছার, গ্রাম্য চৌকিদারের দাবী জানিয়েছে। মাননীয় জেলা প্রশাসক তাদের সাথে একমত?

ক) বর্তমানে বাংলাদেশে উপজেলার সংখ্যা কত? ১

খ) স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের গ্রামবাসীর দাবী পূরণ সরকারের যে ধরণের কাজ তা ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর, গ্রামবাসীর দাবী পূরণ সরকারের জন্য আবশ্যক? স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৭। সুমন চট্টগ্রাম শহরের পাথরঘাটায় থাকে। এবার জাতীয় সংসদ নির্বাচনে সুমন প্রথম ভোট দিয়েছে। তাদের নির্বাচনী এলাকা থেকে একজন ভোটে পাস করে নির্বাচিত হয়েছেন। সারাদেশে এভাবে ৩০০ প্রতিনিধি নির্বাচিত হয়ে সংখ্যাগরিষ্ঠের ভিত্তিতে দল সরকার গঠন করে দেশ পরিচালনা করে।

ক) রাজনৈতিক দল কী? ১

খ) নির্বাচনী আচরণবিধির ধারণা ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে সুমনের দেশে কী ধরণের নির্বাচন বিদ্যমান? নিরূপণ কর। ৩

ঘ) তুমি কি মনে কর প্রাচীন গ্রীসের নির্বাচন এবং সুমনের দেশের নির্বাচন ভিন্ন? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৮। বাংলাদেশ একটি আন্তর্জাতিক সংস্থার ১৩৬তম সদস্য হিসেবে স্বীকৃতি পেয়েছে। দ্বিতীয় ভয়াবহতা দেখে বিশ্বের রাষ্ট্রনেতারা এ সংস্থাটি গড়ে তোলেন। সংস্থাটির ৪ জন প্রতিনিধি এ পর্যন্ত ৫ বার বাংলাদেশ সফর করেছেন।

ক) কত সালে বেইজিং প্লাস ফাইড সম্মেলন অনুষ্ঠিত হয়? ১

খ) ভেটো ক্ষমতা বলতে কী বুঝ? ২

গ) উদ্দীপকে কোন সংস্থার ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) বাংলাদেশে উক্ত যেসব সংস্থাটির অঙ্গ সংগঠন কাজ করছে, তাদের কাজের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৯। আন্দ্রে রুভলভের দেশে ব্যক্তিগতভাবে কোন শিল্প প্রতিষ্ঠান স্থাপন করা যায় না। কিন্তু মার্টিনের দেশে তা করা যায়। মার্টিন এই বছর ৭০ লক্ষ ডলার ব্যয়ে তার দেশে একটি শিল্প প্রতিষ্ঠান স্থাপন করেছে।

ক) উপযোগ কাকে বলে? ১

খ) মিশ্র অর্থনীতি বলতে কী বুঝ? ২

গ) আন্দ্রে রুভলভের দেশের অর্থব্যবস্থার ধরণ ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের দুই দেশের অর্থব্যবস্থার ধরণ এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

১০। শফিক উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য দেশের বাইরে পড়তে গিয়েছে। বর্তমানে তার অবস্থানরত দেশের মাথাপিছু আয় ৯০ হাজার ডলার। দেশটি শিল্পপ্রধান হলেও এর কৃষিখাতও উন্নত।

ক) বাংলাদেশ কোন কোন দেশ থেকে সবচেয়ে বেশী আমদানী করে? ১

খ) উন্নয়নমূলক দেশ বলতে কী বুঝ? ২

গ) উন্নয়ন মাত্রার ভিত্তিতে উদ্দীপকের দেশটি কোন ধরনের দেশ? ব্যাখ্যা কর। ৩

ঘ) বাংলাদেশকে উক্ত দেশের পর্যায়ে পৌঁছানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপসমূহ ব্যাখ্যা কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

## শ্রেণি : দশম

## বিষয় : কৃষি শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান -৫০

**[যে কোন ৫টি সৃজনশীল প্রশ্নের উত্তর লেখ ঃ] ১০×৫=৫০**

১। বাংলাদেশের ত্রিশটি কৃষি পরিবেশ অঞ্চলকে মাটির গঠন ও প্রকৃতি অনুযায়ী ৫টি অঞ্চলে ভাগ করে ফসল উৎপাদন করা হয়। উপকূলীয় অঞ্চল, বরেন্দ্র ও মধুপুর অঞ্চল এমনই ২টি অঞ্চল। এসব অঞ্চলে ফসল নির্বাচনের ক্ষেত্রে মাটির বৈশিষ্ট্য বিবেচনা করা হয়।

ক) কন্টোর চাষ পদ্ধতি কাকে বলে? ১

খ) হাওর অঞ্চলে গম আবাদ করা হয় না কেন? ২

গ) উদ্দীপকে উল্লিখিত অঞ্চল দুটির মধ্যে প্রথম অঞ্চলটির মাটির বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ) উল্লেখিত দ্বিতীয় অঞ্চলের মাটির বৈশিষ্ট্য বিবেচনা করে উক্ত অঞ্চলের কৃষকদের তুমি কী ধরনের ফসল ফলানোর পরামর্শ দিবে তা বিশ্লেষণ কর। ৪

২। সিরাজ মিয়া মাছ চাষ করার জন্য যথাযথ পুকুর না পেয়ে পুকুর খননের সিদ্ধান্ত নিলেন। পরবর্তীতে তিনি একটি আদর্শ মাছ চাষ উপযোগী খনন করলেন। নির্দিষ্ট দিনে সিরাজ মিয়া পোনা শোধন পূর্বক বিকেলে পুকুরে ছাড়লেন।

ক) লালন পুকুর কাকে বলে? ১

খ) পানির স্থায়িত্বের ভিত্তিতে পুকুরের শ্রেণিবিন্যাস কর। ২

গ) সিরাজ মিয়া কোন বিষয়গুলো বিবেচনায় এনে পুকুর খনন করলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) পুকুরের পোনা ছাড়ার পূর্বে সিরাজমিয়ার কর্মকাণ্ডের যৌক্তিকতা নিরুপণ কর। ৪

৩। কৃষক হাবিবুর তার ৪০ শতক আয়তনের জমিতে বীজ আলু চাষের সিদ্ধান্ত নিলেন। তিনি কৃষি কর্মকর্তার সাথে সাক্ষাৎ করে পরামর্শ চাইলেন। কৃষি

কর্মকর্তা তাকে বীজ আলু উৎপাদনের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করলেন। কৃষি কর্মকর্তার পরামর্শ অনুসরণ করে হাবিবুর বেশ লাভবান হলেন।

ক) বীজ কী? ১

খ) বীজ ফসল উৎপাদনে রোগিং-এর প্রয়োজনীয়তা–ব্যাখ্যা কর। ২

গ) হাবিবুরের উপযুক্ত ফসল চাষ পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ) হাবিবুরের উদ্যোগটি মূল্যায়ন কর। ৪

৪। নিচে ধান ও গমের কয়েকটি জাতের নাম দেওয়া হলো–

| ধান | | গম | |
|---|---|---|---|
| A | B | A | B |
| ব্রি-ধান-৫৬ | ব্রি-ধান-৫৭ | গৌরব | প্রদীব |

ক) বিরূপ আবহাওয়ায় ফসল চাষের পূর্বশর্ত কী? ১

খ) মৃত্তিকায় পানির ঘাটতি উদ্ভিদের জন্য ক্ষতিকর কেন? ২

গ) ধানের A ও B জাত দুটির মধ্যে পার্থক্য লেখ। ৩

ঘ) উদ্দীপকের জাতগুলো খরা কবলিত এলাকায় চাষ করার যৌক্তিকতা যাচাই কর। ৪

৫। বাদল শীতকালীন সবজি হিসেবে আইল তৈরি করে পালংশাক চাষের সিদ্ধান্ত নিল। এজন্য সে তার জমিতে (২২×০.৪৫) মিটার মাপের ৬টি আইল তৈরি করে বীজ বপন করল। কিন্তু যথাযথ পরিচর্যা না করায় পালংশাকের ফলন ভালো হলো না।

ক) পালংশাকের একটি জাতের নাম লেখ। ১

খ) পালংশাকের ডাইনি মিলডিউ রোগের ২টি লক্ষণ লেখ। ২

গ) বাদলকে কী পরিমাণে সার কখন প্রয়োগ করতে হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ভালো ফলন পাওয়ার ক্ষেত্রে বাদলের কী ধরনের পরিচর্যামূলক কাজ করা উচিত ছিল বর্ণনা কর। ৪

৬। সোহানদের দুটি আম গাছে এবার অনেক আম ধরেছে। আমগুলো ছোট অবস্থায় সোহান তার মাকে বলেছিল মোরব্বা বানাতে। কিন্তু গতকাল কালবৈশাখী ঝড়ে গাছের বেশিরভাগ আমই ঝড়ে পড়ে।

ক) আম কোন ঋতুর ফল? ১

খ) উত্তরবঙ্গে আম বেশি হয় কেন? ২

গ) সোহানের মা কীভাবে মোরব্বা তৈরি করবে ব্যাখ্যা কর। ৩

ঘ) ঝড়ে পড়া আমগুলোর সঠিক ব্যবহারের উপায়গুলো বিশ্লেষণ কর। ৪

৭। লোকমান পড়াশুনা শেষ করে যুব উন্নয়নে প্রশিক্ষণ কেন্দ্রে বনজ নার্সারির ওপর প্রশিক্ষণ নেয়। প্রশিক্ষণ শেষে বিচ্ছিন্ন ভাবে তার প্রশিক্ষণের জ্ঞানকে কাজে লাগানোর চেষ্টা করে। চেষ্টার সফল হলে সে তাদের বাড়ির পাশ্ববর্তী একটি উঁচু জমিতে একটি নার্সারি স্থাপন করে।

ক) নার্সারি কি? ১

খ) গজন, শাল গাছের বীজ গাছ থেকে ঝড়ে পড়ার ২৪ ঘণ্টার মধ্যে রোপন করতে হয় কেন? ২

গ) লোকমান তার নার্সারি থেকে কী কী সুবিধা পাবে ব্যাখ্যা কর। ৩

ঘ) লোকমানের উদ্যোগটি মূল্যায়ন কর। ৪

৮। সিহাব সাহেব সম্প্রতি কৃষি সমবায়ের প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এলাকার সাধারণ কৃষকের মাঝে সমবায়ের কথাটা বলতে চান। কৃষকগণ সমন্বিত কৃষি সমবায় গড়বে এবং উৎপাদিত পণ্যের দাম পাবে।

ক) কৃষি সমবায় কী? ১

খ) কৃষি সমবায়ের উদ্দেশ্য কি কি? ২

গ) সিহাব সাহেব যে বিষয়ের প্রশিক্ষণ নিয়েছেন তা কিভাবে কৃষকের জমির ফসল উৎপাদনে সহায়ক ব্যাখ্যা কর। ৩

ঘ) সিহাব সাহেবের মতে কৃষিতে অধিক মুনাফা অর্জনে কৃষি সমবায় সহায়ক ভূমিকা পালন করে বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

ক) শালীনতা কাকে বলে? ১

খ) "সত্যবাদীতা মুক্তি দেয়" কথাটি ব্যাখ্যা কর। ২

গ) হাসিবার আচরণে যে বিষয়টি প্রকাশ পেয়েছে তার পরিণাম ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দিপকে উল্লিখিত হাদিসটির আলোকে ওয়াদা পালনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১০। নাইম এইচ.এস.সি শিক্ষার্থী। সে একজন চিকিৎসক হতে চায়। কারণ সে জানে আধুনিক চিকিৎসা বিজ্ঞানের মূলে রয়েছে মুসলমানদের অনেক অবদান। সে মনে করে মুসলিম চিকিৎসকদের চিকিৎসা রোগ নির্ণয়, পুস্তক প্রণয়ন অনুসরণ করে সেও বিখ্যাত চিকিৎসক হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারবে।


ক) যাকে রসায়ন শাস্ত্রের জনক বলা হয় তিনি কোন দেশে জন্মগ্রহণ করেন? ১

খ) মুসা আল খাওয়া রেযমিকে গণিত শাস্ত্রের জনক বলা হয় কেন? ২

গ) উদ্দিপকে নাইমের চিকিৎসক হওয়ার বিষয়টি যুক্তিসহ ব্যাখ্যা কর। ৩

ঘ) চিকিৎসা বিজ্ঞানে আবু বকর আল রাযির অবদান বিশ্লেষণ কর। ৪

১১।




ক) 'দিওয়ানে আলী কি'? ১

খ) চিকিৎসাক্ষেত্রে ইবনে সিনার অবদান ব্যাখ্যা কর। ২

গ) কোন মুসলিম চিকিৎসা বিজ্ঞানীর অস্ত্রোপচার গ্রীকদের চেয়েও উন্নত ছিল? চিকিৎসা ক্ষেত্রে তার অবদান তুলে ধর। ৩

ঘ) ছক চিত্রের আলোকে ইসলামে জ্ঞান বিজ্ঞান চর্চার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

## শ্রেণি : দশম

## বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২.৩০ মিনিট পূর্ণমান -৭০

যেকোনো ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও।

১। দশম শ্রেণির ইসলাম শিক্ষার শিক্ষক সাহেদ স্যার। শ্রেণী কক্ষে সব ছাত্রদেরকে উদ্দেশ্য করে বলেন, আল্লাহর মনোনীত একমাত্র দীন ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। আর ইসলামের প্রথম বিষয় হলো ইমান। কান্ড ছাড়া যেমন গাছ কল্পনা করা যায় না, তেমনি ইমান ছাড়া ইসলাম কল্পনা করা যায় না। ইমানহীন লোকের যাবতীয় কর্মই বিফল। বর্তমান অশান্ত সমাজ ব্যবস্থাকে শান্তির দিকে ফিরিয়ে আনতে হলে ইসলামী আদর্শের বিকল্প নেই।

ক) আকাইদ অর্থ কি? ১

খ) ইসলাম বলতে কি বোঝায়? ২

গ) উদ্দিপকে সাহেদ স্যার সমাজে শান্তি ফিরিয়ে আনতে ইসলামী আদর্শের বিকল্প নেই বলে কি বুঝিয়েছেন? ৩

ঘ) "ইমান ছাড়া ইসলাম কল্পনা করা যায় না" উল্লিখিত দু'টি বিষয়ের সম্পর্কের তাত্ত্বিক বিশ্লেষণ কর। ৪

২। আনিকার বড় ভাই তাদের বাড়ীর সামনের পুকুর থেকে জাল দিয়ে ১টি বড় বোয়াল মাছ শিকার করল। আনিকা মাছটি দেখে আল্লাহর প্রশংসা করল এবং বলল সবাই মহান আল্লাহর অফুরন্ত নেয়ামত যা তিনি তাঁর বান্দাদের দান করেছেন। একথা শুনে তার বড় ভাই বলল তোমার কথা ঠিক নয়। বরং এসব প্রাকৃতিক ভাবেই সৃষ্টি হয়েছে।

ক) ইমান কাকে বলে? ১

খ) মানবিক মূল্যবোধ বলতে কি বোঝায়? ২

গ) আনিকার বক্তব্যে ইমানের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দিপকে আনিকার বড় ভাইয়ের বক্তব্যে যা প্রকাশ পেয়েছে তার কুফল আলোচনা কর। ৪

৩। সাজিদ মসজিদে জুমার নামাজ আদায় কতে যায়। জুমার বক্তব্যে খতীব সাহেব বললেন মহান আল্লাহ মানুষের সকল কাজের হিসাব নিবেন। সাজিদ বলল, পৃথিবীর এত মানুষের হিসাব আল্লাহর পক্ষে নেওয়া সম্ভব নয়। মানুষ মরে গেলে পঁচে মাটির সাথে মিশে যাবে। আর কারো হিসাব-নিকাশ হবে না।


ক) কোনটি সকল জ্ঞানের আধার? ১

খ) হাশর বলতে কি বুঝায়? ২

গ) সাজিদের বিশ্বাস কিসের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ) "আখিরাতের বিশ্বাসই সাজিদকে সঠিকপথে ফিরিয়ে আনতে পারে" কুরআন ও হাদীসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪।



চিত্র : শরিয়তের প্রথম উৎস

ক) পূর্ণ কোরআন নাজিল হয় কত বছরে? ১

খ) কুরআন এর পরিচয় দাও। ২

গ) চিত্রে ইঙ্গিতকৃত কিতাবটি এক মহিমান্বিত রাতে নাজিল হয়েছে–ব্যাখ্যা কর। ৩

ঘ) চিত্রে ইঙ্গিতকৃত কিতাবের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫। সালমান স্যার ১০ শ্রেণীর ইসলাম ও নৈতিক শিক্ষা পিরিয়ডে ছাত্রদের উদ্দেশ্যে পবিত্র কুরআনের আলোচনা করতে গিয়ে বলেন, "কুরআন মাজিদ এমন একটি গ্রন্থ যার মধ্যে কোন ভূল নেই এবং অপরিবর্তনীয়" আদিল, স্যারকে জিজ্ঞাসা করল ১৪০০ বছর আগে অবতীর্ণ কুরআন মাজিদ নিভূল সঠিক ও অপরিবর্তনীয় কি করে সম্ভব? সালমান স্যার বলেন, প্রথমত জিব্রাইল (আঃ) এর মাধ্যমে আল্লাহ্ তায়ালা অল্প অল্প করে মহানবী (সাঃ) এর উপর ২৩ বছরে পূর্ণরূপে নাযিল করেন। তিনি আরো বলেন কুরআন সংকলনের ধারাও কুরআনকে অবিকৃত রাখতে সাহায্য করে।

ক) কে সর্বপ্রথম কুরআন সংকলনের উদ্যোগ নেন? ১

খ) কুরআন মাজিদের সুরা সমূহ কয় ভাগে বিভক্ত আলোচনা কর। ২

গ) উদ্দিপকে আদিলের প্রশ্নের জবাবে সালমান স্যারের প্রথম মতামতের ব্যাখ্যা কর। ৩

ঘ) কুরআন সংকলনের ধারাও কুরআনকে অবিকৃত রাখতে সাহায্য করে বিশ্লেষণ কর। ৪

৬। আশরাফ ১০ শ্রেণীর ছাত্র। সে একটি ওয়াজ মাহফিলে গিয়ে বক্তার মুখে শুনতে পেল যে কুরআন মাজিদের ব্যাখ্যা হলো হাদীস। মহানবী (সাঃ) তাঁর জীবনে কুরআনের বাণীকে বাস্তবায়িত করে হাদীসে তা প্রকাশ করেছেন। তাই হাদীসকে বাদ দিয়ে কুরআনের অনুযায়ী চলাও অসম্ভব।

ক) সনদমতে হাদিস কয় প্রকার? ১

খ) হাদীস মুসলিম জাতির অমূল্য সম্পদ কেন? ২

গ) উদ্দিপকে উল্লেখিত বিষয় দু'টির সম্পর্ক নির্ণয় কর। ৩

ঘ) বক্তার শেষ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭। জনাব আশফাক আলম ব্যক্তিগত জীবনে ইসলামী শরীয়তের বিধি-বিধান মেনে চলতে চেষ্টা করেন। হালাল রোজীর জন্য অটো রিকসা চালায়। কেউ অসুস্থ হলে তার অটো রিকসায় করে হাসপাতালে নিয়ে যায়। জনাব আশফাক আলম এর অটোতে কোন এক যাত্রী একটি টাকার ব্যাগ রেখে যায়। আশফাক আলম ঐ টাকার ব্যাগটি স্থানীয় চেয়ারম্যানের কাছে জমা দেন। চেয়ারম্যান সাহেব টাকার মালিকের ব্যাগে সংরক্ষিত ঠিকানার মাধ্যমে টাকাসহ ব্যাগ মালিকের বাড়িতে পৌঁছে দেন।

ক) হজ্বের ওয়াজিব কয়টি? ১

খ) সালাত আদায়ের ১টি গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ) চেয়ারম্যান সাহেবের কাজের মাধ্যমে কোন ধরনের ইবাদত পালন হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব আশফাক আলমের কর্মকাণ্ডগুলো সংশ্লিষ্ট বিষয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। রাসেল সাহেব একজন ইসলামী ব্যক্তিত্ব। তিনি সবসময় ইসলামী শরীয়ত মেনে চলেন। তার ব্যবসা প্রতিষ্ঠানের কর্মচারীদের প্রতি তিনি খুবই সতর্ক। তিনি তার কর্মচারীদের বেতন সঠিক সময়ে আদায় করেন। বিভিন্ন সময় কর্মচারীদের বেতনের বাইরেও সহযোগিতা করেন। তিনি মনে করেন 'শ্রমিকরা আল্লাহর বন্ধু' মহানবীর বাণী 'শ্রমিকের গায়ের ঘাম শুকানোর আগেই তাদের পারিশ্রমিক দিয়ে দাও এ নির্দেশ মেনে চলার চেষ্টা করেন।

ক) শ্রমিককে দিনে কতবার ক্ষমা করা যেতে পারে? ১

খ) মালিক শ্রমিক সম্পর্কের ক্ষেত্রে মহানবী (সাঃ) কেমন ছিলেন? ব্যাখ্যা কর। ২

গ) শ্রমিকদের প্রতি রাসেল সাহেবের আচরণের ফলাফল বর্ণনা কর। ৩

ঘ) উদ্দিপকে উল্লিখিত মহানবীর (সা:) বাণী "শ্রমিকের ঘাম শুকানোর আগেই তাদের পারিশ্রমিক দিয়ে দাও"। বিশ্লেষণ কর। ৪

৯। হাবিবা তার বান্ধবী হাসিবাকে বাসায় দাওয়াত করে। হাবিবা তার বান্ধবীর জন্য অনেক খানা-পিনার আয়োজন করল। হাবিবা হাসিবার জন্য অনেক রাত পর্যন্ত অপেক্ষা করে অবশেষে মোবাইলে জানতে চাইলে হাসিবার মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যায়। পরের দিন স্কুলে হাসিবার সাথে দেখা হলে হাবিবা বলে 'তোমার মনে রাখা উচিত মহানবি (সাঃ) বলেছেন "যে ব্যক্তি ওয়াদা পালন করে না, তার দীন নেই"।

১১। দীনেশ বাবু একজন ধর্ম প্রচারক। হিন্দুধর্মের বিভিন্ন দিক অত্যন্ত সুন্দরভাবে তিনি বিভিন্ন সম্মেলনে উপস্থাপন করেন। আস্তে আস্তে তার পরিচিতি বৃদ্ধি পায়। তার বক্তৃতায় মুগ্ধ হয়ে অনেকেই তার শিষ্যত্ব গ্রহণ করে এবং দেশের বাইরেও এর ঢেউ লাগে।

ক) সাইক্লোনিক হিন্দু নামটি কার? ১

খ) বেদান্ত সমিতি গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকে দীনেশবাবুর কর্মকাণ্ডের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন মহাপুরুষের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) "উক্ত মনীষীর জীবনদর্শন পশ্চিমা সমাজে বেশ প্রভাব ফেলেছিল"–মূল্যায়ন করো। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

## শ্রেণি : দশম

## বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**(যে কোন ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ১০।)**

১। সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় নিজেকে উৎসর্গ করাই সৎসাহস। সৎসাহসী ব্যক্তি সমাজ, দেশ ও জাতির অহংকার। সংসাহস ধর্মের অঙ্গ।


ক) শিষ্টাচার কী? ১

খ) কেন সৎসাহসের প্রয়োজন? ২

গ) উদ্দীপকের প্রথম বাক্যটির আলোকে সৎসাহসের ধারণা দাও। ৩

ঘ) "সৎসাহস ধর্মের অঙ্গ" পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২।




ক) ধার্মিক ব্যক্তি কীসের দ্বারা ভোগ করেন? ১

খ) নৈতিক মূল্যবোধের সাথে ধর্মপথের সম্পর্ক কী? ২

গ) ছকের শূন্যস্থানে কী বসবে? বর্ণনা করো? ৩

ঘ) ধর্মাধর্ম নির্ণয়ে ছকে নির্দেশিত বিষয় কতটুকু যুক্তিযুক্ত? মতামত উপস্থাপন করো। ৪

৩। ঈশ্বর তার সৃষ্টিকে খুব ভালোবাসেন। তিনি তার সৃষ্ট জীবের মধ্যে অবস্থান করেন। তাই জীবকে ভালোবাসলে ঈশ্বরকেও ভালোবাসা হয়। স্বামী বিবেকানন্দ তাই বলেছেন, "জীব প্রেম করে যেইজন, সেইজন সেবিছে ঈশ্বর।"

ক) হিন্দুধর্মে কোনটিকে সর্বোচ্চ স্থান দেওয়া হয়েছে? ১

খ) ঈশ্বরের সাকার রূপ বলতে কি বোঝ? ২

গ) উদ্দীপকের আলোকে সৃষ্টির মধ্যে স্রষ্টার অবস্থান সম্পর্কে বর্ণনা করো। ৩

ঘ) উদ্দীপকে স্বামী বিবেকানন্দের উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪। রঞ্জিত প্রচণ্ড শীতের রাতে বাড়ি যাচ্ছিল। হঠাৎ পথের মধ্যে এক বৃদ্ধ ভিক্ষুককে দেখল শীতে ঠকঠক করে কাঁপছে। নিজের কষ্ট হবে জেনেও সে তার চাদরটি বৃদ্ধ ভিক্ষুককে দিয়ে দিল।

ক) অযাচক বৃত্তি বলতে কী বোঝ? ১

খ) "মানবতা ধর্মের অঙ্গ"–ব্যাখ্যা কর। ২

গ) রঞ্জিতের মতো তুমি কীভাবে সমাজের সুবিধা বঞ্চিত মানুষের পাশে দাঁড়িয়ে তাদের সাহায্যে এগিয়ে আসবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) একমাত্র ধর্মই পারে মানবতা বোধকে জাগ্রত করতে–কথাটির সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

৫। প্রভু জগদ্বন্ধু ছিলেন মহাসাধক। ছোট বেলাতেই তাঁর ঈশ্বর ভক্তির পরিচয় পাওয়া যায়। তিনি হিন্দুধর্মের বিভিন্ন উপেক্ষিত ও অসম্পূর্ণ ঘৃণিত অবহেলিতভাবে আলোর সন্ধান দেন।

ক) প্রভু জগদ্বন্ধু কোথায় জন্মগ্রহণ করেন? ১

খ) তাঁর চারটি বাণী উল্লেখ করো? ২

গ) প্রভু জগদ্বন্ধুর সমাজ সংস্কার ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রভু জগদ্বন্ধুর সাধন জীবন কী ধরনের ছিল? বিশ্লেষণ করো। ৪

৬। চন্দ্রিকা দেবী প্রতিদিন ভোরে ঘুম থেকে উঠে। স্নান করে পূজার্চনা করে এবং প্রণাম মন্ত্র পাঠ করে দেবতার উদ্দেশ্যে প্রণাম জানায়। পূজার্চনা শেষে মা-বাবাকে প্রণাম করে দিনের কাজ শুরু করে। সে কখনও কারো সাথে অসদাচরণ করে না। মানুষের প্রতি চন্দ্রিকার আচরণ সমাজের মানুষের মূল্যবোধকে প্রভাবিত করেছে।

ক) প্রহ্লাদ কে ছিলেন? ১

খ) সততাকে উৎকৃষ্ট পন্থা বলা হয় কেন? ২

গ) উদ্দীপকে বর্ণিত চন্দ্রিকার চরিত্রে কোন শিক্ষার প্রতিফলন প্রতিভাত হয়েছে? তোমার পঠিত বিষয়বস্তুর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) চন্দ্রিকা দেবীর দৃষ্টান্তই স্মরণ করিয়ে দেয় যে, "সমাজে শিষ্টাচারের গুরুত্ব অপরিসীম" কথাটি মূল্যায়ন কর। ৪

৭। মহৎ কর্মগুণেই মানুষ পৃথিবীতে অমর। এমনই একজন মহীমায়, যিনি মাত্র ৩২ বছরের জীবনে অসাধারণ কিছু কাজ করে স্মরণীয় হয়ে আছেন। ব্রহ্ম সাধনায় তিনি সারাটি জীবন কাটিয়ে দেন। তিনি বলেন, ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা। জীব ও ব্রহ্মের মধ্যে কোন পার্থক্য নেই–এটা ছিল তার জীবনের চরম সত্য।

ক) সুশ্রুত কে ছিলেন? ১

খ) শরীরের সুস্থতা ও অসুস্থতা সম্পর্কে চরকের মতবাদ কী ছিল? ২

গ) উদ্দীপকে যে মহান ব্যক্তির ইঙ্গিত দেওয়া হয়েছে তার পাণ্ডিত্য ব্যাখ্যা কর। ৩

ঘ) জীব ও ব্রহ্মের মধ্যে কোন পার্থক্য নেই–উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮। নরেন্দ্রনাথ একজন ধার্মিক ব্যক্তি। সে ধর্মের সকল উপায়গুলো অনুসরণ করে। সে বেদ পড়ে জানে ধার্মিক ও অধার্মিকের সম্পর্ক।

ক) ধর্মের বাহ্য লক্ষণ কয়টি? ১

খ) স্মৃতিশাস্ত্র বলতে কি বোঝ? ২

গ) একজন ধার্মিক ব্যক্তির বৈশিষ্ট্য কী? ব্যাখ্যা করো। ৩

ঘ) প্রহ্লাদের গল্প অনুসারে কীভাবে অধর্মের ওপর ধর্মের জয় হয় তা বিশ্লেষণ করো। ৪

৯। মায়া ছোট বেলা থাকতেই অন্যান্য শিশুদের থেকে আলাদা ছিলেন। লেখাপড়ার প্রতি তার তেমন মনোযোগ ছিল না। তিনি শুধু ঈশ্বর চিন্তা করতেন । ঈশ্বরকে খোঁজ করতে করতে তিনি এক ঋষির আশ্রমের সন্ধান পান। সেখানে এক ঋষির কাছ থেকে দীক্ষা নেন এবং সেখানেই আশ্রমকে স্বয়ং সম্পূর্ণ প্রতিষ্ঠানে রূপান্তরিত করেন। "ঋষির নামে আরোভিল নামে একটি আধুনিক নগর প্রতিষ্ঠা করেন, যা ছিল ধর্মীয় ও সামাজিক বিশ্বাসের উর্ধ্বে একমাত্র সত্যের সেবা।

ক) শ্রীমার জন্মস্থান কোথায়? ১

খ) "ইন্টারন্যাশনাল স্কুল অব এডুকেশন" প্রতিষ্ঠার উদ্দেশ্য বর্ণনা কর। ২

গ) উদ্দীপকের মায়ার কার্যাবলির মাধ্যমে ধর্মীয় দিক থেকে কীভাবে প্রসারিত হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "আরোভিল নগর প্রতিষ্ঠাই ছিল ময়ার শ্রেষ্ঠ অবদান"–ব্যাখ্যা কর। ৪

১০। মাদক গ্রহণ অধর্মের পথ। সুমন এবং সুনীল দুই ভাই। সুমন ১০ম শ্রেণিতে আর সুনীল ৯ম শ্রেণীতে পড়ে। সুনীল খারাপ বন্ধুদের সাথে মিশে ধূমপানে আসক্ত হয়। সুমন ধর্মকথা ও বুদ্ধিবলে সুনীলের খারাপ অভ্যাস ত্যাগে সমর্থ হয়।

ক) ধূমপান কিরূপ ক্ষতি করে? ১

খ) "ধূমপানের ফলে নানাবিধ রোগ হয়"–ব্যাখ্যা কর। ২

গ) সুমন কী কী করে সুনীলকে সুপথে আনে বলে তুমি মনে কর। ৩

ঘ) "মাদক গ্রহণ অধর্মের পথ"–বিশ্লেষণ করো। ৪

১০। নিচের সারণিটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর লেখ।

| ক্রমিক নং | রাজার নাম | শাসনকাল |
|---|---|---|
| ১. | রাজা চন্দ্রগুপ্ত | ২৪ বছর |
| ২. | রাজা বিন্দুসার | ২৫ বছর |

ক) দ্বিতীয় বৌদ্ধ মহাসঙ্গীতির প্রায় কত বছর পরে তৃতীয় মহাসঙ্গীতির আয়োজন করা হয়েছিল? ১

খ) "মাৎস্য ন্যায়" নীতি বলতে কী বোঝায়? ২

গ) ছকে বর্ণিত কোন রাজা মৌর্য বংশের প্রথম রাজা ছিলেন? তাঁর সম্পর্কে পাঠ্য বইয়ের আলোকে বর্ণনা দাও। ৩

ঘ) বৌদ্ধধর্ম প্রচার প্রসারের ক্ষেত্রে উক্ত বংশের রাজাদের অবদান বিশ্লেষণ কর। ৪

১১। নিহার চাক্‌মা তার শিক্ষার্থীকে কতোগুলো নিত্য করণীয় বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করে বলেন, মানুষ সহজেই তৃষ্ণার জালে আবদ্ধ হয়। মানুষ চিত্তকে সংযত করতে না পারলে তৃষ্ণা হতে মুক্তি লাভ করতে পারবে না। আর মানব জাতিকে তৃষ্ণা থেকে মুক্ত করার জন্য গৌতম বুদ্ধ নিত্যকর্মের দুটি স্তরের কথা বলেছেন।

ক) "সেখিয়া" অর্থ কী? ১

খ) মুদিতা ভাবনা বলতে কী বুঝ? ২

গ) উদ্দীপকে মানবচিত্রের যে তৃষ্ণার কথা বলা হয়েছে তা থেকে মুক্তির প্রথম স্তর কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ) বুদ্ধ নির্দেশিত তৃষ্ণা থেকে মুক্তি দ্বিতীয় স্তরের প্রভাব বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

## শ্রেণি : দশম

## বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**(যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ১০।)**

১। মোহন বড়ুয়া সীমা চৌধুরীকে বিয়ে করে সংসার করছে। তাদের মনে কোনো শান্তি ছিল না। কারণ তাদের কোনো সন্তান ছিল না। একদিন রাতে সীমা ঘুমিয়ে পড়লেন এবং সুন্দর একটি স্বপ্ন দেখলেন। জ্যোতিষীরা স্বপ্নের ব্যাখ্যায় বললেন সীমা চৌধুরী পুত্র সন্তানের মা হবেন।

ক) বৌদ্ধ ধর্মের প্রবতর্ক কে? ১

খ) গৌতম বুদ্ধ মহাকারুনিক বুদ্ধ নামে খ্যাত হন কেন? ২

গ) উদ্দীপকের ঘটনাটি কোন দম্পতির ক্ষেত্রে প্রযোজ্য ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত পুত্রটি ছিল একজন মহামানব–তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। দিলীপ, শচীন ও মাধব বোধিসত্ত্ব সাধনার সর্বোত্তম প্রক্রিয়া অনুশীলন করে। দিলীপ প্রজ্ঞা সাধনাকে সর্বাগ্রে স্থান দেয়। শচীন ও মাধব কর্ম প্রচেষ্টাকে সর্বাগ্রে স্থান দেয়। তারা কঠিন সাধনার ব্রতে অনুরাগী।


ক) গৌতম বুদ্ধ কতবার বোধিসত্ত্বরূপে জন্মগ্রহণ করেন? ১

খ) শ্রদ্ধাধিক বোধিসত্ত্ব বলতে কী বুঝ? ২

গ) দিলীপ, শচীন ও মাধবের মধ্যে কোন ধরণের বোধিসত্ত্ব দেখা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত বোধিসত্ত্বগুলোর তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩। নিচের ছক দুইটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক) চুল্লবর্গের অপর নাম কী? ১

খ) ত্রিপিটক পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ) ১ম ছকের ইঙ্গিত দ্বারা কোন পিটক নির্দেশ করছে তা পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) ২য় ছকের বর্ণিত পিটকটিতে “বৌদ্ধ দর্শন ও পরমার্থ সত্য বিশ্লেষণ করা হয়েছে? তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তি প্রদর্শন কর। ৪

৪। ত্রিদিব প্রতিদিন একটি সূত্রপাঠ করে। সে মনে করে এটি তার পরিবারকে মহান থেকে রক্ষা করবে। এতে ত্রিদিবের পরিবার দুর্ভিক্ষের প্রভাব থেকেও মুক্ত থাকে। সে তার পরিবারের অন্য সদস্যদের সূত্রটি শিখতে সাহায্য করে।

ক) সকল প্রকার রোগ-শোক হতে রক্ষা পেতে কোন সূত্র পাঠ করতে হয়? ১

খ) কীভাবে ভূত যক্ষ প্রভৃতির উপদ্রব হতে রক্ষা পাওয়া যায়? ২

গ) ত্রিদিব কোন সূত্রটি পাঠ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত সূত্রটির সাথে বৈশালীর ত্রিবিধ সমস্যার সংশ্লিষ্টতা আছে– উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৫। পার্থ একবার পরীক্ষায় খারাপ ফলাফল করে। এর কারণ হিসেবে দেখায় পরীক্ষার আগে সে ঠিকমত পড়াশুনা করেনি। তার বাবা তাকে বলেন, মানুষ যেমন কর্ম করে তেমন ফল পায়। এরপর পরবর্তী পরীক্ষায় সে ঠিকমত পড়াশুনা করে এবং বালো ফল লাভ করে। কর্মফলের ব্যাখ্যা দিতে গিয়ে পার্থর বাবা বিভিন্ন ঐতিহাসিক ঘটনার অবতারণা করেন।


ক) কর্মের ফল বিবেচনায় কর্ম বিধানকে কয় ভাগে ভাগ করা যায়? ১

খ) কর্মবাদ বলতে কি বোঝায়? ২

গ) কীভাবে পার্থ পরীক্ষায় ভালো ফলাফল করতে সক্ষম হয়– উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) কর্মফলের ব্যাখ্যাস্বরূপ পাঠ্য বইয়ের ঐতিহাসিক ঘটনা নিয়ে একটি নাতদীর্ঘ রচনা কর। ৪

৬। নিচের ছকটি দেখ এবং প্রশ্নের উত্তর দাও :




ক) বোধিবংস গ্রন্থটি কে রচনা করেন? ১

খ) অট্ঠকথা বলতে কী বোঝায়? ২

গ) ‘?’ চিহ্নিত স্থানটি পাঠ্য বইয়ের অট্ঠকথাচার্য কার ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত আচর্যের প্রব্রজ্যা লাভ করার কাহিনীটি বর্ণনা কর। ৪

৭। নিচের ছকটি দেখ ও প্রশ্নগুলোর উত্তর দাও।




ক) পঞ্চস্কন্ধের উপাদান সমূহের নাম লেখ। ১

খ) কীভাবে চিত্তকে সংযত করা যায়? ২

গ) সোপাদিসেস নির্বাণ লাভের উপায়সমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ) ছকে বর্ণিত উভয় প্রকার নির্বাণ সম্পর্কে তোমার ধারণা পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। সম্রাট সুমন তৃতীয় সঙ্গীতির পর অনেক দেশে ধর্ম প্রচারক প্রেরণ করেন। তিনি ধর্ম প্রচারের জন্য “ধর্ম মহাপাত্র” নামে বিশেষ শ্রেণির রাজকর্মচারিও নিযুক্ত করেন।

ক) তৃতীয় সঙ্গীতি কোথায় অনুষ্ঠিত হয়? ১

খ) বজ্জিপুত্রীয় ভিক্ষুগণ যশ স্থবিরকে কেন “পটিসারনীয়কর্ম্ম” প্রদান করেন? ২

গ) উদ্দীপকের মতো সম্রাট অশোকের বিভিন্ন দেশে ধর্ম প্রচারক প্রেরণের তালিকা পাঠ্যপুস্তকের আলোকে তৈরি কর। ৩

ঘ) উদ্দীপকে আলোচিত তৃতীয় সঙ্গীতির ফলাফল বিশ্লেষণ কর। ৪

৯। নিখিল বড়ুয়া একজন দানশীল মানুষ। তিনি সামর্থ্যহীনদের যথাসম্ভব দান করে থাকেন। এলাকায় তিনি দানশীল ব্যক্তি হিসেবে পরিচিত। দানশীলতা একটি মহৎ গুণ। তাই আমাদের সবার দানশীল হওয়া উচিত।


ক) কে অত্যন্ত দানপরায়ন ছিলেন? ১

খ) ভিক্ষু শীলভদ্র কীভাবে শীলভদ্র নামে খ্যাত হন? ২

গ) উদ্দীপকে উল্লিখিত চরিত্রের চারিত্রিক গুণের সাথে চরিতমালায় বর্ণিত কোন চরিত্রের চারিত্রিক গুণের সাদৃশ্য লক্ষ করা যায়–ব্যাখ্যা কর। ৩

ঘ) দানশীলতা একটি মহৎ গুণ–পাঠ্য বইয়ের বর্ণিত কাহিনীর আলোকে বিশ্লেষণ কর। ৪

১১।




ক) নিষ্কাশন শিল্প কাকে বলে? ১
খ) নার্সারি, হ্যাচারি ও পশু পালনকে প্রজনন শিল্প কারণ কি? ২
গ) বাংলাদেশের প্রেক্ষিতে উৎপাদন শিল্প বিদ্যমান সমস্যাবলি চিহ্নিত কর। ৩
ঘ) আমাদের জাতীয় জীবনে সেবাশিল্পের অবদান কতটুকু? মূল্যায়ন কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

**শ্রেণি : দশম**

**বিষয় : ব্যবসায় উদ্যোগ (ব্যবসায় শিক্ষা)**

**(সৃজনশীল)**

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

**[যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]**

১।




ক) বিমা কী? ১
খ) পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ) বাণিজ্যের গুরুত্বপূর্ণ তিনটি কাজ সম্পর্কে আলোচনা কর। ৩
ঘ) ব্যবসায়ের সাথে শিল্প ও বাণিজ্যের সম্পর্কে নিরূপণ কর। ৪

২। শিক্ষিত ফরিদ মিয়া একটি নার্সারির মালিক। নার্সারি ব্যবসায়ের মাধ্যমে তিনি স্বাবলম্বী হয়ে ওঠেন। হঠাৎ করে গত আইলায় তার ব্যবসায়ে বেশ ক্ষতি সাধন হয়। এতে তার ব্যবসায় বন্ধ হওয়ার উপক্রম হয়। কিন্তু তিনি স্থানীয় জনতা ব্যাংক থেকে ঋণ নিয়ে পূর্ণোদ্যমে আবার ব্যবসায় শুরু করেন ও সফলতা অর্জন করেন।

ক) প্রকল্প কী? ১
খ) ম্যাক্রো পরিবেশের উল্লেখযোগ্য দু'টি উপাদান বর্ণনা কর। ২
গ) ফরিদ মিয়ার ব্যবসায়টি কোন পরিবেশের দ্বারা প্রভাবিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) ফরিদ মিয়ার ব্যবসায়ে সফলতার পেছনে মূল কারণ বিশ্লেষণ কর। ৪

৩। সামাদ চানাচুর, জ্যাম, জেলি তৈরি করে স্থানীয় বাজারে বিক্রয় করে বেশ ভালই মুনাফা অর্জন করেছে। তার কাজটি দেখে প্রতিবেশী হাফিজ উদ্বুদ্ধ হয়ে তিনিও অনুরূপ আর একটি কারখানা স্থাপন করলেন।

ক) শ্রমঘন শিল্প কোনটি? ১
খ) খণ্ডকালীন উৎপাদন ইউনিট বলতে কী বোঝ? ২
গ) সামাদের কাজটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ) বাংলাদেশের প্রেক্ষাপটে সামাদ ও হাফিজের গঠিত শিল্পের ভূমিকা অনস্বীকার্য– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪। বাংলাদেশ জনবহুল দেশ। এদেশের বিশাল জনগোষ্ঠীর অধিকাংশই বেকার। সরকারের পক্ষে সবার কর্মসংস্থান করা সম্ভব নয়। এজন্য বেসরকারী চাকুরির পাশাপাশি বেকারদের আত্মকর্মসংস্থান উদ্বুদ্ধ করতে হবে।

ক) আত্মকর্মসংস্থান বলতে কী বোঝ? ১

খ) আত্মকর্মসংস্থানের প্রশিক্ষণের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ) আত্মকর্মসংস্থানে প্রশিক্ষণের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ) একটি দেশের বেকার সমস্যা সমাধান ও অর্থনৈতিক উন্নয়নে আত্মকর্ম সম্মানের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

৫। একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য অনেকাংশে নির্ভর করে তার ব্যবস্থাপনার ওপর দক্ষ ব্যবস্থাপক তথা যোগ্য নেতা সহজেই প্রতিষ্ঠানকে অভিষ্ট লক্ষ্যে নিয়ে যেতে পারে। তবে যোগ্য নেতাকে হতে হবে বিশেষ কিছু গুণের অধিকারী।

ক) ব্যবস্থাপনার জনক কে? ১

খ) জেন্ডার সচেতনতা কী? ব্যাখ্যা কর। ২

গ) একজন আদর্শ নেতার গুণাবলি বর্ণনা কর। ৩

ঘ) ব্যবসায় প্রতিষ্ঠানে নেতৃত্বদানের ক্ষেত্রে কোন ধরনের নেতৃত্ব উৎকৃষ্ট যুক্তি সহকারে ব্যাখ্যা কর। ৪

৬। সবুজ একজন ব্যবসায়ী। তিনি স্বচ্ছতার সাথে ব্যবসায় করে সীমিত মুনাফা করেন। অপরদিকে তার বন্ধু চাকচিক্যেও আড়াল ভেজাল ও নিম্নমানের পণ্য বিক্রি করে প্রচুর মুনাফা অর্জন করেন। পণ্যের বাহ্যিক চাকচিক্যে ও কারণে ক্রেতারা সবুজের দোকানে ভিড় করে। সবুজ তার বন্ধুর চেয়ে কম অর্থ উপার্জন করলেও মানসিকভাবে অনেক সুখী।

ক) মুনাফামুখী ব্যবসায় কী? ১

খ) ব্যবসায়ের সামাজিক দায়িত্ব কী কী? ২

গ) সবুজের মানসিক প্রশান্তির কারণটি ব্যাখ্যা কর। ৩

ঘ) সবুজের বন্ধু বর্তমানে প্রচুর মুনাফা করলেও ভবিষ্যতে ব্যবসায়ে টিকে থাককে কি? এ ব্যাপারে তোমার মতামত দাও। ৪

৭। দিনাজপুরের মোহিম ঢাকায় এসে অবাক। তার গ্রামে যে বেগুনের দাম ১০ টাকা কেজি সে বেগুনের দাম এখানে ৪০/৫০ টাকা কেজি। বিষয়টি সে গভীরভাবে ভাবতে থাকে। তার কয়েকজন বন্ধু মিলে কৃষকদের একত্রিত করে পরামর্শ দিল তাদের উৎপাদিত পণ্য সামগ্রী যদি ঢাকার মার্কেটগুলোতে নিজস্ব তত্ত্বাবধানে ভোক্তাদের কাছে পৌঁছাতে পারে তবে কৃষকের লাভ বহুগুণে বেড়ে যাবে।

ক) বিপণন কী? ১

খ) শিল্প পণ্যের জন্য মোড়কিকরণ অপরিহার্য কেন? ২

গ) মোহিম ভোক্তাদের নিকট পণ্য পৌঁছাতে কোন পদ্ধতি অবলম্বন করবেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ) মোহিমের নতুন ভাবনা কৃষকদের লাভ বহুগুণে বেড়ে যাবে কথাটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৮। সিলেটের আফজাল হোসেন অনেক চিন্তা-ভাবনা করে একটি সার কারখানা স্থাপন করলেন। উদ্দেশ্য হলো উন্নতমানের সার তৈরি করে দেশের উৎপাদন বৃদ্ধি করা। এজন্য তিনি প্রয়োজনীয় লোকবলও নিয়োগ করলেন।

ক) কোনটিকে উৎপাদনের বাহন বলা হয়? ১

খ) কুটির শিল্পের বাজারের নৈকট্য কেন প্রয়োজন? ২

গ) আফজাল হোসেনের সার কারখানাটি কোন ধরনের শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের শিল্পটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কিভাবে সাহায্য করতে পারে বলে তুমি মনে কর? ৪

৯। হাসান সাহেব একটি ক্ষুদ্র শিল্পের মালিক। তিনি তার প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার ভিত্তিতে পরিচালনা করে থাকেন। তার প্রতিষ্ঠানের কার্য পরিচালনায় সঠিক সমন্বয় অনুসরণ করা হয়। ফলে মালিক শ্রমিকের মধ্যে সুসম্পর্ক বজায় থাকে। তাই তিনি প্রতিষ্ঠান থেকে তার কাঙ্ক্ষিত-লক্ষ্য অর্জনে আশাবাদী।

ক) পরিকল্পনা কী? ১

খ) ব্যবসায় পরিকল্পনা করা হয় কেন? ২

গ) হাসান সাহেব প্রতিষ্ঠানের কার্যক্রম পরিকল্পনার ভিত্তিতে পরিচালনা করে কী ধরনের সুবিধা ভোগ করেন? বর্ণনা কর। ৩

ঘ) 'একটি আদর্শ পরিকল্পনার যথার্থতার ওপর প্রতিষ্ঠানের সাফল্য বহুলাংশে নির্ভরশীল'– বিশ্লেষণ কর। ৪

১০। জনাব ফাহিম বিসিকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ সমাপ্ত করে একটি ক্ষুদ্র শিল্প প্রকল্প বাস্তবায়নে বেসিক ব্যাঙ্কের দ্বারস্থ হন। বিসিক ও বেসিক ব্যাঙ্ক উভয়ের যৌথ সহায়তায় তার পক্ষে প্রকল্প বাস্তবায়ন সম্ভব হয়।

ক) বেসিক ব্যাঙ্ক কত সালে নিবন্ধিত হয়? ১

খ) বেসিক ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয় কেন? ২

গ) শিল্পক্ষেত্রে বেসিক ব্যাঙ্কের অবদান উল্লেখ কর। ৩

ঘ) 'বিসিক ও বেসিক উভয়ই ক্ষুদ্র শিল্পের অত্যন্ত সহায়ক'–মূল্যায়ন কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

**বিষয় কোড: ১ ১ ৪**

দশম শ্রেণি

খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

সময়: ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০

[নিচের অনুচ্ছেদগুলো পড়ে যে কোনো ৬টি প্রশ্নের উত্তর দাও: ১০× ৬=৬০]

১। আশীস একজন বিশ্বাসী ঈশ্বরভক্ত। শারীরিক মানসিক ও আধ্যাত্মিক দিক দিয়ে খুবই দৃঢ়তা সম্পন্ন। সামান্য অসুস্থতায় তিনি ভেঙ্গে পড়েন না। দায়িত্ব পালনে নিষ্ঠাবান তাই তিনি সবার সাথে একাত্ম হয়ে চলতে চেষ্টা করেন। এভাবে সহ্য করতে করতে এক সময় পরীক্ষা করে দেখা গেল তার ডায়বেটিস হয়েছে। তিনি জানেন এই রোগ মৃত্যু পর্যন্তই তাকবে তবু তিনি হতাশ না হয়ে ঈশ্বরের ওপর নির্ভরশীল হয়ে খুশী মনে গ্রহণ করেন। তিনি জানেন ঈশ্বর কষ্টের মধ্য দিয়ে মানুষের প্রতি তাঁর ভালবাসা প্রকাশ করেন।

(ক) মানুষের হয়ে কে সবচেয়ে বেশী কষ্ট স্বীকার করেছেন?
১

(খ) দুঃখ কষ্ট সবার জন্য অনিবার্য কেন? বর্ণনা কর।
২

(গ) দুঃখ যন্ত্রনার ক্ষেত্রে আশিসের মনোভাব ব্যাখ্যা কর।
৩

(ঘ) 'আশিসের মনোভাব যেন পিতরের শিক্ষারই প্রতিফল'–উক্তিটি বিশ্লেষণ কর।
৪

২। রনি একজন শিল্পপতি। তিনি প্রতিষ্ঠানে স্বাভাবিক লোকদের সাথে কিছু অস্বাভাবিক লোকদের নিয়োগ দেন। যাকে দারোয়ান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে তার স্বাস্থ্য খুবই দুর্বল। গেইটে বসে অনেক সময় ঘুমাতে থাকেন। ঠিকমতো দায়িত্ব পালন করতে পারে না। ফলে তাকে সহকর্মীদের কাছ থেকে তিরস্কার পেতে হয়। টেলিফোন অপারেটর চন্দন চুপচাপ থাকেন, দেখলে মনে হয় খুবই চিন্তিত। জনগন তার কাছে কিছু জিজ্ঞাসা করলে একটির বেশি দুইটি কথা বলেন না। অন্যমনস্কভাবে থাকেন, ফলে জনগন তার কাছ থেকে প্রয়োজনীয় সহযোগিতা পায়না।

(ক) পুরাতন নিয়মে কষ্টভোগকে কেমন দৃষ্টিতে দেখা হতো?
১

(খ) সাধু সাধ্বীগন কেন দুঃখ যন্ত্রনা সহ্য করেছেন?
২

(গ) দারোয়ানের মধ্যে কোন ধরনের কষ্ট বিদ্যমান -ব্যাখ্যা কর।
৩

(ঘ) 'কষ্ট সম্পর্কে যীশুর শিক্ষা চন্দনের মনোভাব পরিবর্তন করতে পারে'– মূল্যায়ন কর।
৪

৩। রূপক একজন প্রতিষ্ঠিত ও সফল ব্যাক্তি। তার জীবনে অনেক কষ্ট-যন্ত্রণা, ঘাত-প্রতিঘাত এসেছে। তিনি জানতেন "জীবন ফুলসজ্জা নয়"। পৃথিবীতে এমন কোন মানুষ নেই যার জীবনে কোন কষ্ট নেই। পৃথিবীতে দিন-রাত্রির মতোই সুখ-দুঃখ চিরন্তন সত্য। তাই তিনি জীবনের দুঃখ-কষ্ট যন্ত্রণাকে বরণ ও সহ্য করেছেন এবং জীবনে প্রতিষ্ঠা ও সফলতা লাভ করে মহত্তর কর্ম সম্পাদন করে মানুষের মনে জায়গা করে নিয়েছেন। তিনি বলেন, "কষ্ট ছাড়া গৌরব নেই।"

(ক) দুঃখ যন্ত্রণা ভোগ আমাদের জন্য কী হয়ে উঠতে পারে?
১

(খ) হৃদয়ের কষ্ট বলতে কী বুঝ? ব্যাখ্যা কর।
২

(গ) উদ্দীপকে রূপকের জীবনের সফলতার কারণ আলোচনা কর।
৩

(ঘ) "কষ্ট ছাড়া গৌরব নেই।" উদ্দীপকের এই প্রবাদের সাথে তুমি কি এক মত? তোমার মতামতের সপক্ষে যুক্তি দেখাও।
৪

৪। জীবন ও সুজন একই শ্রেণিতে পড়ে। কিন্তু একে অন্যের সাথে কথা বলে না, এক সাথে বসে না, কাউকে কোনো কাজে সাহায্য সহযোগিতা করে না। একদিন সামান্য একটা ব্যাপার নিয়ে দু'জনের মধ্যে কথা কাটাকাটি শুরু হয়। এক পর্যায়ে মারামারির পর্যায়ে চলে গেল। কিছুদিন পর হঠাৎ একদিন সুজন খবর পেল জীবন এক্সিডেন্ট করে হাসপাতালে ভর্তি হয়েছে। তখন সুজন জীবনকে দেখতে হাসপাতালে ছুটে গেল। জীবন সুজনকে দেখে খুব খুশি হলো।

(ক) যীশু ক্রুশের উপর জীবন বিসর্জন দিয়ে মানুষের প্রতি কী প্রকাশ করেছেন?
১

(খ) প্রাচীণকালে অন্যায্যতাকে সমাজ থেকে দূর করা সম্ভব হয়নি কেন?
২

(গ) যীশুর কোন শিক্ষা সুজনকে প্রভাবিত করেছে? ব্যাখ্যা কর।
৩

(ঘ) সুজনের কর্মকান্ড সমাজে কী ধরণের পরিবর্তন আনতে পারে? মূল্যায়ন কর।
৪

৫। সীমা লেখাপড়া করছে। তার বাবা-মায়ের ইচ্ছা মেয়ে ডাক্তার হবে। কিন্তু সীমা লেখাপড়ায় মোটেও মনোযোগী নয়। বাব-মা তাকে সব সময় বলেন মন দিয়ে লেখাপড়া করতে। ভালো রেজাল্ট করতে হলে এখন থেকেই মনোযোগী হয়ে পরিশ্রম করে পড়তে হবে। কিন্তু সীমা লেখাপড়ার ব্যাপারে একেবারে উদাসীন। ফলে তার রেজাল্টও খুব একটা ভালো হলো না। রেজাল্ট ভালো না হওয়ার কারনে সে মেডিক্যাল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারল না। এমনকি পরবর্তীতে সে ভালো কোনো প্রতিষ্ঠানেও ভর্তি হতে পারল না।

(ক) পূর্ণতা লাভের জন্য কোন পথ সর্বোত্তম?
১
(খ) 'লোগো থেরাপি' বলতে কী বুঝ?
২
(গ) সীমার জীবনের ব্যর্থতার কারণ কী? ব্যাখ্যা কর।
৩
(ঘ) জীবনে সফলতা লাভের জন্য সীমাকে কী কী করতে হবে তা বিশ্লেষণ কর।
৪

৬। জন হোস্টেলে থেকে পড়াশুনা করে। প্রতিদিন সকালে সে গির্জায় যায়। হোস্টেলের নিয়মকানুন মেনে চলে। একদিন সকালে গির্জায় যাবার সময় সে দেখতে পেল হোস্টেলের যে দিদি রান্না করে তার প্রচন্ড জ্বর। তখন সে তার কাছে গিয়ে তাকে ঔষধ খাওয়ালো, মাথা ধুয়ে দিল। ধীরে ধীরে সে সুস্থ হয়ে উঠলো।

(ক) যীশু বিভিন্ন এলাকায় ঘুরে কী প্রচার করতেন? ১
(খ) সহিংসতার কুফল সম্পর্কে লিখ।
২
(গ) জনের মধ্যে সমাজ পরিবর্তনে খ্রিস্টের দেখানো কোন্ দিকটির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) 'জনের আচরণে প্রকাশ পেয়েছে যীশুর পথ অনুসরণ'- কথাটির বিশ্লেষণ কর। ৪


৭। আদর্শ উচ্চ বিদ্যালয়টি এলাকার মধ্যে শ্রেষ্ঠ। প্রধান শিক্ষকের তত্ত্বাবধানে বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। শিক্ষার্থীরা এই বিদ্যালয়ে খুব বেশি স্বাচ্ছন্দ্যে ও সাবলীল ভাবে পড়ালেখা করতে পারে। প্রতিবছর বিভিন্ন পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফল অর্জন করছে। এছাড়াও বিদ্যালয়ের শিক্ষার্থীরা পরিবেশ রক্ষায় ও বিভিন্ন ফলাদি ও ঔষধি বৃক্ষ রোপন করে ভূমিকা রাখছে। তারা একে অপরের সহযোগীতায় পাশে দাঁড়ায়। শিক্ষক মন্ডলীও তাদের উপর প্রীত।

(ক) আধ্যাত্মিক অর্থে সহিংসতা মানে কী?
১
(খ) ন্যায্যতা বলতে কি বুঝ?
২
(গ) উদ্দীপকে বর্ণিত বিদ্যালয়ের বর্তমান অবস্থান তোমার পাঠ্য অনুযায়ী বর্ণনা কর।
৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত পরিস্থিতি সকলের অংশগ্রহণের ফল বলে তুমি মনে কর? বুঝিয়ে দাও। ৪

৮। তিলক একজন সৎ ও ন্যয়বান ব্যাক্তি। একদিন অফিসে যাবার পথে একটা বড় রেস্টুরেন্টের কাছে ডাস্টবিনে অনেক উচ্ছিষ্ট খাবার দেখতে পেলেন। তিনি আরো দেখলে একটা ময়লা ও তালি দেওয়া শাড়ি পরিহিতা একজন মা তার দুই শিশু ঐ ডাস্টবিন থেকে উচ্ছিষ্ট খাবরগুলো খাচ্ছে। কাছেই একটা কুকুর ও সেই খাবার খাচ্ছে। এতে তিলকের খুব কষ্ট হলো। তার ভিতরে নাড়া দিয়ে উঠল।

(ক) সমাজের শতকরা কত ভাগ মানুষ আজ দারিদ্র্য সীমার নিচে বাস করছে?
১
(খ) সামাজিক অবকাঠামোর মধ্যে আজ বৈষম্য বিদ্যমান বলতে কী বুঝ ব্যাখ্যা কর।
২
(গ) 'তিলকের ভিতরে নাড়া দিয়ে উঠলো' বলতে কী বুঝানো হয়েছে? ব্যাখ্যা কর।
৩
(ঘ) উদ্দীপকের মধ্যে দিয়ে সমাজে কীসের চিত্র প্রকাশ পাচ্ছে? বিশ্লেষণ কর।
৪

৯।




(ক) শান্তি কি?
১
(খ) ন্যায্যতা বলতে কি বোঝায়? ব্যাখ্যা কর।
২
(গ) উদ্দীপকের '?' চিতি স্থান কী হবে? ব্যাখ্যা কর।
৩
(ঘ) উদ্দীপকের তথ্য থেকে বেরিয়ে আসার একমাত্র অবলম্বন ভালবাসা-বুঝিয়ে দাও।
৪